দৈনিক বাংলা

তারিখ ২৬/৭/৮২
পৃষ্ঠা ... কলাম ...

122

253

# শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটাতে হবে : কাসেম

যুব উন্নয়নমন্ত্রী জনাব আবুল কাসেম বলেন, দেশের সার্বিক উন্নয়নে যোগাযোগ ও শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন ঘটাতে হবে।

মন্ত্রী শুক্রবার বিকেলে তেজগাঁও বাজারের ন্যাশনাল মোটর ড্রাইভিং ও অটোমোবাইল কেন্দ্রে হালকা ও ভারি গাড়ি চালনা, সংরক্ষণ ও মেরামত বিষয়ক ৩ মাসব্যাপী প্রথম ব্যাচের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

মন্ত্রী কারিগরি শিক্ষাব্যবস্থার উপর গুরুত্ব আরোপ করে বলেন, যে শিক্ষায় শুধুমাত্র কেরানী সৃষ্টি করে সে শিক্ষার দিন শেষ হয়েছে। এখন সময় এসেছে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা সম্বন্ধে শিক্ষা গ্রহণের।

তিনি বলেন, দেশের লোকসংখ্যার শতকরা ৩০ থেকে ৩৩ ভাগ হচ্ছে যুবক। এরা যদি কারিগরি শিক্ষা গ্রহণ করে তবে তারা দেশের ভিতর ও বাইরে উপযুক্ত চাকরি গ্রহণ করে প্রচুর অর্থ উপার্জন করতে পারবে।

জনাব কাসেম বলেন, কাজ না করে কোন দেশ স্বনির্ভরতার পথে এগুতে পারে না, কাজই হচ্ছে বেঁচে থাকার সঠিক পথানির্দেশ। দেশের বেকার যুবসমাজ বিভিন্ন কারিগরি শিক্ষা গ্রহণ করে দেশকে স্বনির্ভরতার দিকে এগিয়ে নিয়ে যেতে পারে বলে তিনি মন্তব্য করেন।

এই প্রশিক্ষণ কোর্সের প্রসঙ্গে মন্ত্রী বলেন, এখানে যারা প্রশিক্ষণ গ্রহণ করবেন তাদের প্রত্যেককে প্রতিমাসে ১৫০ টাকা করে বৃত্তি প্রদান করা হবে।

মন্ত্রী বলেন, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বিভাগেও পর্যায়ক্রমে হালকা ও ভারি গাড়ি চালানো ও মেরামতসংক্রান্ত প্রশিক্ষণ কোর্স চালু করা হবে।

যুব মন্ত্রণালয়ের সচিব জনাব সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জনাব এম আসফ উদ্দৌলাহ, মহাপরিচালক, যুব উন্নয়ন বিভাগ ও জনাব মকসুদুর রহমান, প্রকল্প পরিচালক। খবর তথ্য বিবরণীর।